

সফটওয়্যারের কারুকাজ

অন্যান্য সোর্স থেকে উইন্ডোজ আপডেট পাওয়া

উইন্ডোজ ১০ চালু করে এক নতুন অপশন, যা সরাসরি মাইক্রোসফটের পরিবর্তে পিয়ার-টু-পিয়ার টেকনোলজি ব্যবহার করে আপনাকে আপডেট ডাউনলোড করার সুযোগ দেবে। এটি আপনাকে দ্রুতগতিতে গুরুত্বপূর্ণ সিকিউরিটি প্যাচ পেতে সহায়তা করবে, যেখানে সবাই মাইক্রোসফটের ডেভিকেটেড সার্ভারে প্রচণ্ডভাবে পরিশ্রম করে বা কমপিউটার ক্রাউডেট ব্যান্ডউইডথ সেভ করে। এজন্য মাইক্রোসফট থেকে শুধু প্যাচ ডাউনলোড করে নিয়ে আপনার তত্ত্বাবধানে অন্যান্য পিসিতে শেয়ার করতে হবে।

এবার হেডিং সহকারে কাজ করার জন্য মনোনিবেশ করুন Settings → Update & Recovery → Windows Update → Advanced Options → Choose how you download updates-এ। বাই ডিফল্ট “Get updates from more than one place” এনাবল করা থাকে। এটি লোকাল নেটওয়ার্ক এবং ইন্টারনেট উভয় থেকে আপডেট গ্রহণ করার জন্য পিসি কনফিগার করা থাকে। ব্যান্ডউইডথ ব্যবহার করে আপনার পিসি অপরিচিত অন্যদের সাথে উইন্ডোজ আপডেট শেয়ার করতে যদি পছন্দ না করেন, তাহলে এটিকে ডিজ্যাবল করে দিন।

রিস্টার্ট শিডিউল করা

উইন্ডোজ ১০ আপনাকে একটি নির্দিষ্ট সময়ে পিসি রিস্টার্ট করার সুযোগ করে দেবে। এজন্য স্টার্ট মেনুর Settings অপশন ওপেন করুন। এরপর মনোনিবেশ করুন Updates and Recovery @ Windows Update অপশনে। যদি আপনার আপডেট পেডিং পরে থাকে, তাহলে বাম দিকে স্ক্রিন দেখতে পারবেন, যা আপনাকে রিবুটের জন্য “Select a restart time” রেডিও বাটন সিলেক্ট করার পর শিডিউল করার সুযোগ করে দেবে। আরও ভালো হয়, যদি আপনি ‘Select a restart time’ গভীরে অ্যাক্সেস করেন এবং লিঙ্ক করে উইন্ডোজকে নোটিফাই করুন রিবুট শিডিউলের জন্য যখনই প্রস্তুত হবে সক্রিয় হওয়ার জন্য।

শক্তিশালী গোপন কমান্ড প্রম্পট

উইন্ডোজ ১০-এ সম্পৃক্ত করা হয়েছে কমান্ড প্রম্পটের অভ্যন্তরে কপি এবং পেস্ট যেমন Crtl + C এবং Crtl + V সহ নতুন কমান্ড লাইন ফিচার।

এ কমান্ড প্রম্পট সক্রিয় করার জন্য কমান্ডের টাইটেল বারে ডান ক্লিক করে Properties সিলেক্ট করুন। এবার অপশন ট্যাবে Edit Options সেকশনের অন্তর্গত নতুন ফিচারকে এনাবল করুন।

মনিরুল ইসলাম
ব্যাংক কলোনি, সাভার

ফাইল এক্সপ্লোরারের কুইক অ্যাক্সেস ভিউ বন্ধ করা

উইন্ডোজ ১০-এ ফাইল এক্সপ্লোরার যখন ওপেন করা হলে, তখন এটি ডিফল্ট হবে নতুন কুইক অ্যাক্সেস ভিউতে, যা আপনাকে দেখাবে

ঘন ঘনভাবে অ্যাক্সেস করা ফোল্ডার এবং অতি সম্প্রতি ভিউ করা ফাইল। এটি অনেকেরই পছন্দ। তবে এর পরিবর্তে উইন্ডোজ ৮-এর সাথে সম্পৃক্ত হওয়া ‘This PC’ ভিউতে যদি ফাইল এক্সপ্লোরার ডিফল্ট হয়, তাহলে নিচে বর্ণিত ধাপগুলো সম্পন্ন করতে হবে।

ফাইল এক্সপ্লোরার ওপেন করে রিবন থেকে View → Options সিলেক্ট করুন। এর ফলে একটি ফোল্ডার অপশন উইন্ডো হবে। এরপর ওপরের ড্রপডাউন মেনু Open File Explorer-এ ক্লিক করুন। এরপর ‘This PC’ অপশন সিলেক্ট করে Ok-তে ক্লিক করলে আপনার কাজ শেষ হবে।

একটি অ্যাপের ভিডিও রেকর্ড করা

উইন্ডোজ ১০-এর নতুন গেম ডিভিআর (Game DVR) ফাংশনকে মনে করা হতো আপনার গেমের সবচেয়ে আকর্ষণীয় মুহূর্তের ভিডিও রেকর্ড করার জন্য ব্যবহার করা হয়। এটি আসলে যেকোনো ওপেন অ্যাপের ভিডিও বা ডেস্কটপ সফটওয়্যার তৈরি করতে ব্যবহার হয়।

এটি ডেকে আনার জন্য Windows key + G চাপুন। আপনি গেম বার ওপেন করতে চান কি না তা প্রম্পট করবে। এবার ‘Yes, this is a game box’ বক্সে ক্লিক করলে ফ্ল্যাটিং বারে বিভিন্ন অপশন আবির্ভূত হবে। এবার সার্কুলার Record বাটনে ক্লিক করুন ভিডিও ক্যাপচার করার জন্য। আপনার সেভ করা ভিডিও খুঁজে পেতে পারেন এক্স বক্স অ্যাপের Game DVR সেকশনে অথবা আপনার ইউজার ফোল্ডারের অন্তর্গত Video → Captures-এ।

গড মোড টুল

উইন্ডোজ ১০-এ এক হিডেন এবং পাওয়ার ইউজারদের জন্য লেজেন্ডারি ফিচার হলো গড মোড। এ ফিচারটি আগের মতো অ্যাক্টিভেট করলে উন্মোচন করে পাওয়ার ইউজার মেনু, যা আপনার সিস্টেমের সুদূরপ্রসারিত সেটিংস এবং কনফিগারেশন অপশন একটি সিঙ্গেল লোকেশনে নিয়ে আসে। এজন্য একটি নতুন ফোল্ডার তৈরি করে রিনেম করুন নিচে বর্ণিত ধাপ অনুসরণ করে।

ডেস্কটপে ডান ক্লিক করুন। New-তে ক্লিক করুন। Folder-এ ক্লিক করুন।

ফোল্ডারের রিনেম করুন GodMode. {ED7BA470-8E54-46E5-825C-99712043E01C}

এবার লেবেল করা একটি আইকন দেখতে পারেন।

রাফায়েল
ধানমণ্ডি, ঢাকা

উইন্ডোজ ১০-এর কয়েকটি টিপ ওয়াইফাই শেয়ারিং ডিজ্যাবল করা

উইন্ডোজ ১০-এর ওয়াইফাই ফিচারকে যদি ডিজ্যাবল করতে চান, তাহলে নিচে বর্ণিত ধাপগুলো অনুসরণ করুন।

Start বাটনে ক্লিক করুন। Settings-এ ক্লিক করুন। Network & Internet-এ ক্লিক করুন।

স্ক্রল ডাউন করে Manage Wi-Fi Settings-এ ক্লিক করুন।

এবার ‘For networks I select, share them with my...’-এর অন্তর্গত লিস্ট করা সবকিছু আনচেক করলেই হবে।

আপনার প্রাইভেসি সেটিংস ম্যানেজ করা

নিচে বর্ণিত ধাপগুলো অনুসরণ করে আপনার প্রাইভেসি সেটিংস ম্যানেজ করতে পারবেন।

Start বাটনে ক্লিক করুন। Settings-এ ক্লিক করুন। Privacy-এ ক্লিক করুন।

প্রাইভেসি ১৩টি সেকশনে বিভক্ত। যেকোনো একটি বন্ধ করে দিন, যেটি অনাধিকার প্রবেশমূলক মনে হবে। যেমন ‘Send Microsoft info about how I write...’।

ব্যাটারি সেভার সক্রিয় রাখা

Start বাটনে ক্লিক করুন। Settings-এ ক্লিক করুন। System-এ ক্লিক করুন। এবার Battery Saver-এ ক্লিক করুন।

একটি প্রোগ্রাম আনইনস্টল করা

উইন্ডোজ ১০-এ একটি প্রোগ্রাম আনইনস্টল করার জন্য নিচে বর্ণিত ধাপগুলো অনুসরণ করুন।

Start বাটনে ডান ক্লিক করুন। Programs & Features-এ ক্লিক করুন।

এবার যে প্রোগ্রাম আনইনস্টল করতে চান, তা বেছে নিন।

আপনার মাইক্রোসফট অ্যাকাউন্ট এডিট করা

মাইক্রোসফট অ্যাকাউন্ট এডিট করতে চাইলে নিচে বর্ণিত ধাপগুলো অনুসরণ করুন :

Start বাটনে ক্লিক করুন। Settings-এ ক্লিক করুন। Accounts-এ ক্লিক করুন।

এবার প্রয়োজনীয় পরিবর্তন করে Your Account-এ ক্লিক করুন।

আজাদুর রহমান
আম্বরখানা, সিলেট

কারুকাজ বিভাগে লিখুন

কারুকাজ বিভাগের জন্য প্রোগ্রাম ও সফটওয়্যার টিপস বা টুকটাকি লিখে পাঠান। লেখা এক কলামের মধ্যে হলে ভালো হয়। সফট কপি সহ প্রোগ্রামের সোর্স কোডের হার্ড কপি প্রতি মাসের ২০ তারিখের মধ্যে পাঠাতে হবে।

সেরা ৩টি প্রোগ্রাম/টিপসের লেখককে যথাক্রমে ১,০০০, ৮৫০ ও ৭০০ টাকা পুরস্কার দেয়া হয়। সেরা ৩ টিপস ছাড়াও মানসম্মত প্রোগ্রাম/টিপস ছাপা হলে তার জন্য প্রচলিত হারে সম্মানী দেয়া হয়। প্রোগ্রাম/টিপসের লেখকদের নাম কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকেও জানা যাবে। পুরস্কার কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকে সংগ্রহ করতে হবে। সংগ্রহের সময় অবশ্যই পরিচয়পত্র দেখাতে হবে এবং পুরস্কার চলতি মাসের ৩০ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে।

এ সংখ্যায় প্রোগ্রাম/টিপসের জন্য প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় হয়েছেন যথাক্রমে- মনিরুল ইসলাম, রাফায়েল ও আজাদুর রহমান।